

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৫১

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض) পরিচ্ছেদঃ ৩১. ওয়ালা (মালিকানা স্বত্ব) সম্পর্কে

باب الْوَلَاءِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا الْأَشْعَثُ عَنْ الْحَسَنِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ إِلَى الْبَقِيعِ فَرَأَى رَجُلًا يُبَاعُ فَأَتَاهُ فَسَاوَمَ بِهِ ثُمَّ تَرَكَهُ فَرَآهُ رَجُلٌ فَاشْتَرَاهُ فَأَعْتَقَهُ ثُمَّ جَاءَ بِهِ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ إِنِي اشْتَرَيْتُ هَذَا فَأَعْتَقْتُهُ فَمَا تَرَى فِيهِ جَاءَ بِهِ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ إِنِّي اشْتَرَيْتُ هَذَا فَأَعْتَقْتُهُ فَمَا تَرَى فِيهِ فَقَالَ إِنْ شَكَرَكَ فَهُو خَيْرٌ لَهُ وَشَرُّ لَكَ فَقَالَ إِنْ شَكَرَكَ فَهُو خَيْرٌ لَهُ وَشَرُّ لَكَ وَشَرُّ لَهُ قَالَ مَا تَرَى فِي مَالِهِ قَالَ إِنْ مَاتَ وَلَمْ يَتُرُكُ عَصَبَةً وَإِنْ كَفَرَكَ فَهُو خَيْرٌ لَكَ وَشَرُّ لَهُ قَالَ مَا تَرَى فِي مَالِهِ قَالَ إِنْ مَاتَ وَلَمْ يَتُرُكُ عَصَبَةً فَأَنْتَ وَارِثُهُ

বাংলা

৩০৫১. হাসান (রহঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বাকী' কবরস্থানের দিকে গেলেন, সেখানে একটি লোক বিক্রি হতে দেখলেন। তখন তিনি তার নিকট এসে তার ব্যাপারে (বিক্রেতার সাথে) দর কষাকষি করলেন এবং না কিনে ফিরে গেলেন। তখন এক লোক বিষয়টি দেখে লোকটিকে ক্রয় করে নিয়ে মুক্ত করে দিলেন। অত:পর তাকে নিয়ে সে নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললেন, আমি লোকটিকে ক্রয় করে নিয়ে মুক্ত করে দিয়েছি। এ সম্পর্কে আপনার মতামত কি? তখন তিনি বললেন, "সে তোমারই ভাই এবং তোমার মুক্ত দাস (মাওলা)।" লোকটি বললেন, তার সঙ্গ গ্রহণের ব্যাপারে আপনি কি বলেন? তখন তিনি বললেন, "সে যদি তোমার কৃতজ্ঞতা প্রকাশ করে, তবে তার জন্য তা কল্যাণকর, আর তোমার জন্য ক্ষতিকর। আর যদি সে তোমার (উপকার) অস্বীকার করে, তবে তা তোমার জন্য কল্যাণকর, আর তার জন্য ক্ষতিকর।" লোকটি বললেন, তবে তার সম্পদ সম্পর্কে আপনার মতামত কি? তিনি বললেন, "যদি সে মৃত্যুবরণ করে, আর তার কোনো আসাবাহ (নিকটাত্মীয়) না থাকে, তবে তুমি হবে তার ওয়ারিছ।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক: সনদটি যয়ীফ আশআস ইবনু সিওয়ারের দুর্বলতার কারনে। আর এটি মুরসাল।



তাখরীজ: বাইহাকী, ফারাইয ৬/২৪০; আব্দুর রাযযাক আল মুসান্নাফ নং ১৬২১৪।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ হাসান বাসরী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন